# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ, ফরিদপুর।

www.bsmmc.edu.bd

স্মারক নং-৫৯.১৪.০০০০.০৩৬.০১১.০০১.২৩/৭৪০ তারিখ ঃ- ০৪/০৬/২০২৩খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ, ফরিদপুর এর অস্থায়ী রাজস্বখাতে নিম্নোক্ত শূন্য পদে নিয়োগের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকৃত বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নলিখিত শিক্ষাগত যোগ্যতা ও শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল ২০১৫ অনুযায়ী | পদের সংখ্যা | দরখাস্ত গ্রহনের জন্য নির্ধারিত শেষ তারিখে বয়স সীমা | শিক্ষাগত যোগ্যতা | যেসব জেলার প্রার্থীগন আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | ঙ | চ |
| ১ | মেডিকেল টেকনোলজিষ্ট (ফার্মেসী) গ্রেড-১১, ১২৫০০-৩০২৩০/- | ০১ (এক)টি | ১৮-৩০ বছর | স্বীকৃত ইনস্টিটিউট হতে মেডিকেল টেকনোলজি (ফার্মেসি) তে ডিপ্লোমা ডিগ্রি এবং বাংলাদেশ ফার্মেসি কাউন্সিল হতে রেজিষ্ট্রেশন প্রাপ্ত। | সকল জেলা |
| ২ | মেডিকেল টেকনোলজিষ্ট (ল্যাবঃ) গ্রেড-১১, ১২৫০০-৩০২৩০/- | ০৫ (পাঁচ)টি | ১৮-৩০ বছর | স্বীকৃত ইনস্টিটিউট হতে মেডিকেল টেকনোলজি (ল্যাবঃ) এ ডিপ্লোমা ডিগ্রি। | সকল জেলা |
| ৩ | স্টেনো টাইপিষ্ট (সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর) গ্রেড-১৪, ১০২০০-২৪৬৮০/- | ০১ (এক)টি | ১৮-৩০ বছর | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে স্নাতকে নুন্যতম দ্বিতীয় শ্রেণী অথবা সমমানের সিজিপিএ প্রাপ্ত।<br>(খ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) সাঁটলিপি প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজিতে ৭০ বাংলায় ৪৫, কম্পিউটার মুদ্রাক্ষরে ইংরেজিতে ৩০ ও বাংলায় ২৫ শব্দ। | সকল জেলা |
| ৪ | ড্রাইভার গ্রেড-১৬, ৯৩০০-২২৪৯০/- | ০১ (এক)টি | ১৮-৩০ বছর | (ক) স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) পেশাদার বৈধ হালকা/ভারী ড্রাইভিং লাইসেন্সধারী হতে হবে;<br>(গ) গাড়ী চালনার বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার | সকল জেলা |

আবেদন ফরম পুরন এবং পরীক্ষায় অংশগ্রহনের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরন করতে হবে।

১। চাকুরীর জন্য আবেদন আগামী ০৫/০৬/২০২৩খ্রিঃ তরিখ সকাল ৮.০০টা হতে ০৯/০৭/২০২৩খ্রিঃ তারিখ বিকাল ২:৩০টা পর্যন্ত ডাকযোগে অধ্যক্ষের কার্যালয়ে দাখিল করতে হবে। সরাসরি কোন আবেদন পত্র গ্রহন করা হবে না।

২। ০৪/০৬/২০২৩খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছর হতে হবে।

ক) সকল প্রার্থীর (বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধি ব্যতীত) ক্ষেত্রে ৩০ বছর।

খ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধি প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর।

গ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যার সন্তানাদির ক্ষেত্রে ৩০ বছর।

ঘ) বয়স প্রমানের ক্ষেত্রে এভিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩। আবেদন পত্রে এবং খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে। নিম্নোক্ত সনদ সমূহের সত্যায়িত ফটোকপি এবং ৪ কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।

ক) শিক্ষাগত যোগ্যতার সনদ পত্র সমূহ, চারিত্রিক সনদপত্র, নাগরিক সনদপত্র।

গ) জাতীয় পরিচয় পত্র/অনলাইন জন্মনিবন্ধন সনদ।

ঘ) চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত অনাপত্তিপত্র।

ঙ) মুক্তিযোদ্ধা কোঠায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা ও শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র- কণ্যা গনের পুত্র-কন্যা) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নিতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র;

চ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা ও শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র- কণ্যা গনের পুত্র-কন্যা হলে আবেদনের সাথে সম্পর্ক উল্লেখ পূর্বক প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র এবং;

ছ) অন্যান্য কোটা যেমন প্রতিবন্ধী কোটায় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন/সনদপত্র।

৩।. পরীক্ষার ফি হিসেবে ১০০ টাকা, অধ্যক্ষ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ, ফরিদপুর এর অনুকূলে ব্যাংক ড্রাফট আকারে আবেদনের সাথে জমা দিতে হবে।

৫। নিয়োগ বিজ্ঞপ্তিতে শুন্য পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা বাতিল/প্রত্যাহার ও সংশোধনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষন করবেন।

৬। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুল বা ভুয়া প্রমাণিত হলে কিম্বা পরীক্ষায় নকল বা অসধুপায় অবলম্বন করলে দরখাস্ত/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিম্বা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিম্বা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্থলনজনিত অভিযোগে দন্ডিত হন কিম্বা কোন সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য হিসাবে বিবেচিত হবেন না।

৮। অসত্য/ত্রুটিপূর্ন/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ে বা নিয়োগ দানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৯। পরীক্ষায় অংশগ্রহনের জন্য আবেদনকারীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। বিজ্ঞাপনে উল্লিখিত পদ চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটা নীতি অনুসরন করা হবে।

১১। আবেদনপত্র গ্রহন ও বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত কোন শর্ত বা অনুচ্ছেধ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১৩। মৌখিক পরীক্ষার সময় সব সনদপত্রের মূলকপি অবশ্যই প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত সকল সনদপত্রের সত্যায়িত ০১ (এক) সেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া প্রার্থীর সদ্য তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে। জেলার স্থায়ী বাসিন্দার প্রমান হিসাবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা ও শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে এই মর্মে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি মৌখিক পরীক্ষায় সময় দাখিল করতে হবে।

১৪। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধি বিধান কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

04/06/2023

(অধ্যাপক ডা. মো. মোস্তাফিজুর রহমান)
অধ্যক্ষ
বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ, ফরিদপুর।
E-mail: fmc@ac.dghs.gov.bd

০৪.০৬.২৩